

## আমাদের প্রতিবাদ - আমরা আতংকিত

গত ১৭ আগস্ট গোটা বাংলাদেশ জুড়ে যে ভয়ানক বোমা হামলা হয়েছে তার নিন্দা জানাবার ভাষা আমাদের জানা নেই। সারা দেশে একই সময়ে টাইম বোমার মাধ্যমে এমন নজিরবিহীন হামলা বিশ্বের আর কখনো কোথাও হয়েছে বলে আমরা শুনি। এ জঘন্য বোমা হামলায় যারা প্রাণ হারিয়েছেন তাঁদের আত্মার মাগফেরাত কামনা করি। সহমর্মিতা জানাই যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন তাঁদেরকে - তাঁদের পরিবারবর্গকে। এ হামলায় আক্রমণকারীরা যে মেসেজটি দিয়েছে তা হোল - "ওরা গোকূলে বাড়িছে - ওরা প্রস্তুত"। প্রশ্ন হলো আর কতদিন ওরা এভাবে প্রশ্ন পেয়ে যাবে? দেশে এ যাবত সংঘঠিত কোন বোমা হামলারই আজ অবধি বিচার হলো না। তাইতো ওরা এতো সাহসী। ওরা হামলা করে জানান দিয়ে যায় ওরা কারা। আতংকিত মানুষের মনে একটাই প্রশ্ন - ওদের এ সাহসের উৎস কোথায়? যত তাড়াতাড়ি এই উৎসের সন্ধান পাওয়া যাবে তত তাড়াতাড়িই দেশের মানুষ জীবনের নিরাপত্তা পাবে।

আমরা দাবী করছি অনতিবিলম্বে এর চেয়ে আরো ভয়াবহ কিছু ঘটে যাবার আগে সরকার এবং বিরোধীদলসহ সর্বস্তরের মানুষ এগিয়ে এসে এই মৌলবাদীদের প্রতিহত করবেন। অপরাধীদের সনাক্ত করে যথপোযুক্ত শাস্তি প্রদান করবেন। এখানে সকল মানুষেরই জীবন-মরণ প্রশ্ন। উদোর পিন্ডি বুদোর ঘাড়ে চাপানো যাবে কিন্তু প্রতিফল সকলকেই ভোগ করতে হবে। আর একমুহূর্ত দেরী নয়। এখনই সময়। ওদেরকে রুখতেই হবে। এই মুহূর্তেই।

ড. কাইউম পারভেজ, সভাপতি

ডা. নুরুল রহমান, সাধারণ সম্পাদক

বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া